

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮১১

২০. কোমলতা অধ্যায় (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ ৫৮. নাবী (ﷺ) এর উপর একবার সালাত (দরুদ) পড়ার ফ্যীলত

باب فِي فَضْلِ الصَّلَاةِ عَلَى النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

## আরবী

حَدَّقَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ حَدَّقَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ ثَابِتٍ عَنْ سُلَيْمَانَ مَوْلَى الْحَسَنِ بْنِ عَلِي عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي طَلْحَةَ عَنْ أَبِيهِ قَالَ جَاءَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمًا وَهُوَ يُرَى الْبِشْرُ فِي وَجْهِهِ فَقِيلَ يَا رَسُولَ اللَّهِ إِنَّا نَرَى فِي وَجْهِكَ بِشْرًا لَمْ نَكُنْ نَرَاهُ قَالَ أَجَلْ يُرَى الْبِشْرُ فِي وَجْهِهِ فَقِيلَ يَا رَسُولَ اللَّهِ إِنَّا نَرَى فِي وَجْهِكَ بِشْرًا لَمْ نَكُنْ نَرَاهُ قَالَ أَجَلْ إِنَّ مَلَكًا أَتَانِي فَقَالَ لِي يَا مُحَمَّدُ إِنَّ رَبَّكَ يَقُولُ لَكَ أَمَا يُرْضِيكَ أَنْ لَا يُصَلِّي عَلَيْكَ أَحَدُ مِنْ أُمَّتِكَ إِلَّا سَلَّمْتُ عَلَيْهِ عَشْرًا قَالَ قُلْتُ بَلَى مِنْ أُمَّتِكَ إِلَّا سَلَّمْتُ عَلَيْهِ عَشْرًا قَالَ قُلْتُ بَلَى

## বাংলা

২৮১১. আবু তালহা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদিন (আমাদের কাছে) আগমন করলেন। তখন তার চেহারায় প্রফুল্লতা দৃষ্টি গোচর হচ্ছিল। তখন তাঁকে জিজ্ঞেস করা হলো, ইয়া রাসূলাল্লাহ! আমরা আপনার চেহারায় খুশী লক্ষ্য করছি, যা আগে কখনো দেখিনি। তিনি বললেন, "হাঁ। একজন ফিরিশতা (জিবরীল) আমার কাছে এসে বললেন, ইয়া মুহাম্মাদ! আপনার রব আপনার উদ্দেশ্যে বলেছেন: আপনাকে কি এই সংবাদ খুশি করে না যে, আপনার উম্মাতের মধ্য থেকে যদি কোন ব্যক্তি আপনার উপর একবার সালাত (দরুদ) পাঠ করে আমি তাকে দশবার রহমত করব, আর কেউ যদি আপনাকে একবার সালাম পাঠায় আমি তার প্রতি দশবার সালাম পাঠাব।' তিনি বলেন, "আমি বললাম, হাঁ।"[1]

## ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ যয়ীফ। তবে হাদীসটি জাইয়্যেদ বা উত্তম।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিবান নং ৯১৫ ও মাওয়ারিদুয যাম'আন নং ২৩৯১ তে। ((নাসাঈ, সাহু, ফাযলুত তাসলীম আলান নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নং ১২৮৩ ও ফাযলুস সালাত আলান নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নং ১২৯৫।- ফাতহুল মান্নান, হা/২৯৩৯ এর টীকা হতে।-অনুবাদক।))



আরও দেখুন, সাখাবী, কওলুল বাদী' পৃ: ১৬১-১৬৩।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ ত্বলহা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন